**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
অর্থ মন্ত্রণালয়
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
আইডিএ-৮ শাখা
শের-ই-বাংলা নগর, ঢাকা
(www.erd.gov.bd)

# প্রেস বিজ্ঞপ্তি

বিশ্বব্যাংক হতে ২৫০.০০ মিলিয়ন মার্কিন ডলার উন্নয়ন নীতি সহায়তা 'Third Programmatic Jobs Development Policy Credit (DPC-III)' প্রাপ্তির লক্ষ্যে অদ্য ২২ এপ্রিল ২০২১ তারিখ বাংলাদেশ ও বিশ্বব্যাংক-এর মধ্যে একটি ঋণচুক্তি স্বাক্ষরিত হয়। বাংলাদেশের পক্ষে মিজ্ ফাতিমা ইয়াসমিন, সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয় এবং বিশ্বব্যাংকের পক্ষে Ms. Mercy Tembon, Country Director, World Bank, Dhaka Office ঋণচুক্তিতে স্বাক্ষর করেন।

সরকার দেশের কর্মক্ষম জনগোষ্ঠীর জন্য পর্যাপ্ত ও মানসম্পন্ন কর্মসংস্থানের সুযোগ ও পরিবেশ তৈরিসহ সরকারের বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার সংশ্লিষ্টতায় সহায়ক কিছু নীতি কৌশল/বিধিবিধান সংস্কার ও আধুনিকায়নের উদ্যোগ গ্রহণ করেছে। সরকারের উক্ত উদ্যোগ এবং প্রস্তাবিত সংস্কার পরিকল্পনা বাস্তবায়নকল্পে বিশ্বব্যাংক ২০১৮-১৯ থেকে ০৩ (তিন) অর্থবছরে মোট ৭৫০.০০ মিলিয়ন মার্কিন ডলারের 'Development Policy Credit (DPC)' ঋণ সহায়তা প্রদানে সম্মত হয়। এই কর্মসূচীর মূল উদ্দেশ্যঃ ক) বিনিয়োগ ও ব্যবসা বাণিজ্যের পরিবেশ আধুনিকায়ন, খ) শ্রমিকদের সুরক্ষা ও সব ধরনের অভিঘাত মোকাবেলার সক্ষমতা জোরদারকরণ, গ) পিছিয়ে পড়া/দুঃস্থ জনগোষ্ঠীর (Vulnerable Population) অধিক হারে কর্মে প্রবেশ নিশ্চিতকরণে নীতি ও কর্মসূচি উন্নয়ন। এই Development Policy Credit (DPC) এর অংশ হিসেবে বিশ্বব্যাংক ২০১৮-১৯ অর্থবছরে DPC-I এর অধীনে ২৫০.০০ মিলিয়ন মার্কিন ডলার, ২০১৯-২০ অর্থবছরে DPC-II এর অধীনে ২৫০.০০ মিলিয়ন মার্কিন ডলার ঋণ সহায়তা প্রদান করেছে এবং এর ধারাবাহিকতায় বর্তমান ২০২০-২১ অর্থবছরে Jobs DPC-III এর অধীনে ২৫০.০০ মিলিয়ন মার্কিন ডলার ঋণ সহায়তা প্রদান করবে।

বিশ্বব্যাংক হতে প্রাপ্ত এই ঋণ ০৫ (পাঁচ) বছরের গ্রেস পিরিয়ডসহ ৩০ (ত্রিশ) বছরে পরিশোধযোগ্য। বর্ণিত ঋণের উত্তোলিত অর্থের উপর ০.৭৫% হারে সার্ভিস চার্জ এবং অনুত্তোলিত অর্থের ওপর বার্ষিক সর্বোচ্চ ০.৫০% হারে কমিটমেন্ট চার্জ পরিশোধ করতে হবে। উক্ত ঋণের বার্ষিক ঋণের সুদের হার ১.২৫%।

২২.০৪.২০২১
(মোঃ সারওয়ার মোর্শেদ)
সিনিয়র সহকারী সচিব
আইডিএ-৮ শাখা
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
অর্থ মন্ত্রণালয়